# প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৪৯টি প্রতিষ্ঠানকে ২.৭২ লক্ষ টাকা জরিমানা

**৯ আগস্ট ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, সিলেট, সাতক্ষীরা, পটুয়াখালী, খুলনা, বাগেরহাট, মাগুরা ও রংপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বনফুল এন্ড কোংকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে এম এম ফুড এন্ড ডিপার্টমেন্টাল স্টোরকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চৌধুরী আজিম কনফেকশনারীকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে অভিরুচী ফাস্ট ফুডকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিসমিল্লাহ সুইটসকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে রাইসা ফুড কর্ণারকে **১১,০০০/- (এগার হাজার)** টাকাসহ মোট **২১,০০০/- (একুশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মুগদা এলাকায় পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে **৮টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাশের নেতৃত্বে চট্টগ্রামের কোতয়ালী এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফয়েজ উল্ল্যাহ এর নেতৃত্বে চট্টগ্রামের ডাবলমুরিং এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ক্যাফে আরমান হোটেলকে **১৫,০০০/- (পনের হাজার)** এবং অভিযোগের ভিত্তিতে একই প্রতিষ্ঠানকে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের জালালাবাদ এলাকায় **৬টি** প্রতিষ্ঠানকে **৫৪,০০০/- (চুয়ান্ন হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর বাউফল উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৩,৩০০/- (তিন হাজার তিনশত)** টাকা এবং অভিযোগের ভিত্তিতে ১টি প্রতিষ্ঠানকে **১,২০০/- (এক হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩০০/- (তিনশত)** টাকা প্রদান করা হয়, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর ও মোড়লগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরার শ্রীপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৮০০/- (পাঁচ হাজার আটশত)** টাকা এবং রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের তারাগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকাসহ মোট **১,৮৯,৮০০/- (এক লক্ষ উননব্বই হাজার আটশত)** টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে Look at me Restaurant প্রতিষ্ঠানকে **৫০০/- (পাঁচশত)** টাকা এবং ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হোটেল উজান ভাটি ও হোটেল রাজমনিকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **১৮,৫০০/- (আটার হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,৬২৫/- (চার হাজার ছয়শত পচিশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১২টি** বাজার তদারকি ও ৫টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৫টি** প্রতিষ্ঠানকে মোট **২,৭২,৩০০/- (দুই লক্ষ বাহাত্তর হাজার তিনশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৫ জন অভিযোগকারীকে মং **৭,৪২৫/- (সাত হাজার চারশত পচিশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, ক্যাব, বাজার কর্মকর্তা ও স্যানেটারী ইন্সপেক্টর এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, রংপুর ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, সাতক্ষীরা, পটুয়াখালী, খুলনা, বগুড়া, বাগেরহাট, ব্রাহ্মণবাড়ীয়া, মাগুরা ও রংপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, সাতক্ষীরা, পটুয়াখালী, খুলনা, বগুড়া, বাগেরহাট, ব্রাহ্মণবাড়ীয়া, মাগুরা ও রংপুর।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।